

রূপক বার্তা

এফ. আহমেদ

একটি ফুল ফুটেছে
আমি একথাটি বলতে চাচ্ছি।
কিন্তু সেই ফুলের সামনে থেকে আসার পরই,
ভুলে যাচ্ছি কঠিন বাস্তবতায়।
এই যান্ত্রিক সভ্যতা
আমাদের ভুলিয়ে দিচ্ছে সব প্রাকৃতিক সৌন্দর্যের কথা
অথচ আমার এই খবরটা দেয়া -
খুব জরুরী ছিল।
কারণ যে গাছটিতে এ ফুলটি ফুটেছে
সেটি মূর্খ অবস্থায় ছিল।
সেই মৃত প্রায় গাছের নতুন করে প্রাণ পাওয়া
এবং সেই গাছে নতুন প্রাণের পরিস্ফুটন
আমাদের কাছে বয়ে আনে সেই সংবাদ;
যে এই মূর্খ অবস্থা থেকে আমাদেরও বাঁচা সম্ভব।
আমরাও দিতে পারি নব প্রজন্মকে একটি ফুলের মত সুন্দর-সুরভিত পৃথিবী।